

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২২৫.১৩.

তারিখ : ০৭ চৈত্র ১৪২৪  
২১ মার্চ ২০১৮

প্রাপক,

সচিব,

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)

ঢাকা।

বিষয় : শ্রীলংকা সফরের অনুমতি।

মহোদয়,

USAID কর্তৃক আয়োজিত শ্রীলংকায় অনুষ্ঠেয় SAFIR এর Working Group এর প্রথম সভায় অংশগ্রহণের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)র উপপরিচালক জনাব মোঃ ফিরোজ জামানকে আগামী ০৬ এপ্রিল ২০১৮ তারিখ ০১ (এক) দিন (যাতায়াত সময় ব্যতীত) শ্রীলংকা সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলোঃ

২। শর্তাবলি নিম্নরূপ :

- (ক) তাঁর যাতায়াতসহ সফরের সম্পূর্ণ সময় কর্মকাল (on duty) হিসেবে গণ্য হবে;
- (খ) অনুমোদিত বিদেশে অবস্থানের মেয়াদ বাড়ানো যাবে না;
- (গ) বর্ণিত সফরকালীন তাঁর বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- (ঘ) আলোচ্য ভ্রমণের যাবতীয় ব্যয় আয়োজক সংস্থা কর্তৃক নির্বাহ করা হবে। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।;
- (ঙ) সফর শেষে কাজে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এ বিষয়ে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,



(মোহাম্মদ কামরুজ্জামান)

উপসচিব


ফোন : ৯৫১৪১৬৫।

তারিখ : ০৭ চৈত্র ১৪২৪  
২১ মার্চ ২০১৮

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২২৫.১৩. ১১১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোট ভারবাল জারীর অনুরোধসহ)।
- ২। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মান্যবর রাষ্ট্রদূত, শ্রীলংকা দূতাবাস, ঢাকা।
- ৪। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, কলম্বো, শ্রীলংকা।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৭। জনাব মোঃ ফিরোজ জামান, উপপরিচালক, বিইআরসি।
- ৮। চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি), ঢাকা।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১০। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১১। আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১২। অফিস কপি।



(মোহাম্মদ কামরুজ্জামান)

উপসচিব